অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/31/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ইলিয়নকে মোহকের সাথে সংযুক্ত করতে এরি ক্যানালওয়ে ট্রেইল সম্প্রসারণ করার কথা ঘোষণা করেছেন

1.9 মাইল সংযোজন এম্পায়ার স্টেট ট্রেইল সিস্টেমে ফাঁক বন্ধ করতে সাহায্য করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ হার্কাইমার কাউন্টির ইলিয়ন এবং মোহকের মধ্যে এরি ক্যানালওয়ে ট্রেইলের একটি নতুন অংশে নির্মাণ কাজ শুরুর কথা ঘোষণা করেছেন। এই নতুন 1.9 মাইল ট্রেইল এম্পায়ার স্টেট ট্রেইলের মোহক উপত্যকা অঞ্চলের একটি প্রায় 20 মাইল ব্যবধান বন্ধ করতে সাহায্য করবে। এই সপ্তাহে নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) এবং নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশনের (New York State Canal Corporation) বোর্ড সভায় প্রকল্পটি অনুমোদিত হয়।

"আমাদের রাজ্যের ইতিহাসের সব চেয়ে চ্যালেঞ্জিং সময়ে, নিউ ইয়র্কবাসীদের বাইরে যাওয়া, মজা করা এবং এমনকি আমাদের মনোরম রেলপথ এবং বিশ্বমানের পার্কের সুযোগ কাজে লাগিয়ে কিছু ব্যায়াম করা গুরুত্বপূর্ণ," **গভর্নর কুওমো বলেন।** "এরি ক্যানালওয়ে ট্রেইলের এই সাম্প্রতিক সম্প্রসারণ নিউ ইয়র্কবাসীদের আমাদের কিছু অনন্য প্রাকৃতিক সম্পদের পাশাপাশি হাঁটা, সাইকেল চালানো এবং দৌড়ানোর আরো সুযোগ করে দেবে এবং তার সাথে রাজ্যের ঐতিহাসিক পরিকাঠামো এবং ঐতিহ্যের দিকে সরাসরি নজর দেওয়ার সুযোগ করে দেবে।"

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (NYPA) এবং ক্যানাল কর্পোরেশন অ্যাল্টামন্টের কার্ভার কনস্ট্রাকশনকে (Carver Construction) বেছে নিয়েছে নতুন ট্রেইল নির্মাণের জন্য যা ইলিয়ন গ্রামকে মোহক গ্রামের সাথে সংযুক্ত করবে। এই প্রকল্পের প্রাক-নির্মাণ ক্রিয়াকলাপ ইতিমধ্যেই শুরু হয়েছে এবং নতুন ট্রেইলটি 2020 সালের ডিসেম্বরের মধ্যে উল্লেখযোগ্য পরিমাণে সম্পূর্ণ হয়ে যাবে বলে আশা করা হচ্ছে।

এম্পায়ার স্টেট ট্রেইল সিস্টেমের অংশ হিসেবে, এরি ক্যানালওয়ে ট্রেইল একটি বহিরঙ্গনের পর্যটন এবং বিনোদন গন্তব্য যা সম্প্রদায়গুলিকে সংযুক্ত করে, পর্যটনকে আকর্ষণ করে, এবং নিউ ইয়র্কের বিখ্যাত এরি ক্যানাল বরাবর স্থানীয় অর্থনীতিগুলিকে উদ্দীপিত করে। এই প্রকল্পের মধ্যে রয়েছে একটি 10 ফুট চওড়া, 1.9 মাইল লম্বা আস্ফাল্ট পথ এবং ফুলমার ক্রিকের উপর 130 ফুট লম্বা

পথচারীদের জন্য সেতু। একবার সম্পূর্ণ হলে, এটি ফ্রাঙ্কফোর্টকে ইলিয়ন ট্রেইল সেগমেন্টের সাথে বিদ্যমান মোহক ট্রেইলের সাথে সংযুক্ত করবে।

ইলিয়ন থেকে মোহক ট্রেইল মোহক উপত্যকার চারটি প্রকল্পের মধ্যে একটি যা এরি ক্যানালওয়ে ট্রেইলের প্রায় 20 মাইল ব্যবধান বন্ধ করার একটি উদ্যোগের অংশ। বাকি তিনটি— লক E-18 থেকে রুট 167 (2.2 মাইল), ফ্রাঙ্কফোর্ট থেকে ইলিয়ন (2.4 মাইল) এবং উটিকা থেকে ডাইক রোড (3.5 মাইল) বর্তমানে নির্মাণাধীন এবং এগুলিও 2020 সালের শেষনাগাদ সম্পন্ন হবে।

ক্যানাল কর্পোরেশনের (Canal Corporation) পরিচালক ব্রায়ান ইউ. স্ট্র্যাটন বলেন, "মোহক উপত্যকা অঞ্চলে এরি ক্যানালওয়ে ট্রেইলের প্রসারণ করা নিউ ইয়র্কবাসীদের জন্য অপরিহার্য যখন আমরা এই নভেল বিশ্বব্যাপী মহামারীর মধ্যে দিয়ে যাচ্ছি। নিউ ইয়র্কবাসীদের বিনোদন এবং শারীরিক সুস্থতার জন্য নিরাপদ এবং সামাজিক দূরত্ব-বান্ধব স্থান প্রয়োজন এবং এরি ক্যানালওয়ে ট্রেইল জিমের একটি বিকল্প প্রদান করে এবং পরিবারের জন্য একটি দুর্দান্ত আউটডোর অ্যাডভেঞ্চার হতে পারে।"

জানুয়ারী 2017 সালে, গভর্নর কুয়োমো এম্পায়ার স্টেট ট্রেইলের ঘোষণা করেন, যা নিউ ইয়র্ক স্টেটকে বহিরঙ্গনের বিনোদন সমৃদ্ধ করার, সম্প্রদায়ের প্রাণশক্তি উদ্দীপিত করার, এবং পর্যটন উন্নয়ন করার জাতীয় প্রচেষ্টার অগ্রভাগে স্থাপন করে এমন একটি নতুন উদ্যোগ। সম্পূর্ণ হলে এম্পায়ার স্টেট ট্রেইল নিউ ইয়র্ক সিটি থেকে কানাডা এবং বাফেলো থেকে আলব্যানি পর্যন্ত রাজ্য জুড়ে এক অবিচ্ছিন্ন 750-মাইল যাত্রাপথ হবে, যা হবে দেশের দীর্ঘতম বহু-ব্যবহারিক ট্রেইল। ট্রেইলের মানচিত্রের একটি কপি এখানে পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন